



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)  
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবি'র ইনোভেশন টিমের মার্চ ২০২০ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ ইলিয়াস ভূইয়া পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	২৫.০৩.২০২০ খ্রি.
সভার সময়	সকাল ১১:০০
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

কমিটির সদস্য জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা জানান, ইনোভেশন টিমের ফেব্রুয়ারি ২০২০ মাসের সভার সিদ্ধান্ত অনুযায়ী মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মোবাইল গেইম ও এপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্পের মাধ্যমে পিআইবি'র জন্য মোবাইল অ্যাপস তৈরি না করার বিষয়ে সিদ্ধান্তের আলোকে প্রকল্প পরিচালক বরাবর পত্র দেয়া হয়েছে।

পিআইবি'র প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজসহ ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম তৈরির জন্য দূরবীন ল্যাবস লিমিটেড-এর সঙ্গে চুক্তি করা হয়েছে। ইতিমধ্যে দূরবীন ল্যাবস লিমিটেড-এর আইটি টিমের সাথে প্রশিক্ষণার্থী সাংবাদিকদের ডাটাবেজসহ ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম তৈরির বিষয়ে অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সভা হয়েছে। এপ্রিল ২০২০ মাসের মধ্যে উক্ত সফটওয়্যার তৈরির কাজ শেষ হবে বলে দূরবীন ল্যাবস লিমিটেড-এর প্রতিনিধি জানিয়েছেন।

গত ২৩ মার্চ ২০২০ তারিখে তথ্য মন্ত্রণালয়ের আয়োজনে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরে অনুষ্ঠিত সেবা সহজিকরন বিষয়ে ১ (এক) দিনের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ইনোভেশন টিমের সদস্য জনাব জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে মনোনয়ন দেয়া হয়েছিল। সে অনুযায়ী তিনি প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। পিআইবি'র প্রদত্ত সেবা সহজিকরন বিষয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে একটি সভা করার জন্য ইনোভেশন অফিসারকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইলিয়াস ভূইয়া  
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.১৭.৭৭

তারিখ: ১৯ চৈত্র ১৪২৬

০২ এপ্রিল ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), চলতি দায়িত্ব, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ,
- ২) সিনিয়র প্রশিক্ষক, চলতি দায়িত্ব, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ
- ৩) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অতিরিক্ত দায়িত্ব, প্রশাসন বিভাগ

ইলিয়াস ভূইয়া

মোঃ ইলিয়াস ভূইয়া  
পরিচালক (প্রশাসন)